



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/3/2023

গভর্নর ক্যাথি হোকল

**গভর্নর হোকল 2024 অর্থবর্ষ বাজেটের অংশ হিসাবে বেআইনি ক্যানাবিসের বাজার
সংযত করতে আইনে স্বাক্ষর করেন**

**নতুন আইন অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট এবং ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন এন্ড
ফাইন্যান্সকে লাইসেন্সবিহীন ডিসপেনসারিগুলোর বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার ক্ষমতা
প্রদান করে**

শাস্তিস্বরূপ প্রতিদিন সর্বোচ্চ 20,000 ডলার পর্যন্ত জরিমানার ব্যবস্থা রয়েছে

**OCM পণ্য বাজেয়াপ্ত করতে পারে এবং অবৈধ দোকানগুলো বন্ধ করার নিষেধাজ্ঞা
চাইতে পারে; DFT অপরিশোধিত করার জন্য জরিমানা ও শাস্তি জারি করতে পারে**

গভর্নর ক্যাথি হোকল আজ 2024 অর্থবর্ষ বাজেটের অংশ হিসাবে নিউ ইয়র্কে লাইসেন্সবিহীন ও অবৈধ ক্যানাবিস বিক্রির জন্য দেওয়ানি সাজা ও কর দণ্ড বৃদ্ধি করতে নতুন আইনে স্বাক্ষর করেছেন। মার্চ মাসে গভর্নর দ্বারা প্রথম প্রস্তাবিত এই আইন অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট এবং ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফিন্যান্সকে নতুন নিয়ন্ত্রনমূলক আবশ্যিকতাগুলো প্রয়োগ করার জন্য এবং অবৈধ ক্যানাবিস বিক্রির সঙ্গে জড়িত দোকানগুলো বন্ধ করে দেওয়ার জন্য আইন প্রয়োগের বাড়তি ক্ষমতা প্রদান করে।

"নিউ ইয়র্ক স্টেট যেহেতু তার ক্যানাবিস শিল্প তৈরির জন্য একটি দেশের নেতৃস্থানীয় মডেল হিসাবে প্রকাশাবস্থায় অব্যাহত আছে, তাই এই গুরুত্বপূর্ণ ক্ষমতা প্রয়োগের ব্যবস্থা নিউ ইয়র্কবাসীদের অবৈধ, অনিয়ন্ত্রিত বিক্রির থেকে সুরক্ষিত রাখবে," বলেন গভর্নর হোকল।

"লাইসেন্সবিহীন ডিসপেনসারিগুলো আমাদের আইন লঙ্ঘন করে, জনস্বাস্থ্যকে ঝুঁকির মুখে ফেলে এবং বৈধ ক্যানাবিস বাজারের অবমূল্যায়ন করে। এই ক্ষমতা প্রয়োগের টুলগুলো দিয়ে, আমরা আরও নিরাপদ পণ্যের জন্য, বহু বছর অনুপাতহীন ক্ষমতা প্রয়োগ সহ্য করেছেন এমন কমিউনিটিগুলোতে পুনঃবিনিয়োগ করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের জন্য আরও বেশি সুযোগ দিতে পথ সুগম করছি।"

এই আইন নিউ ইয়র্ক স্টেট জুড়ে লাইসেন্সহীন দোকানের সামনে এবং ট্রাক থেকে ক্যানাবিস বিক্রি এবং/অথবা উপহার দেওয়া সংযত করার জন্য অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট এবং ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফিন্যান্সকে ক্ষমতা প্রদান করে। বিশেষ করে, স্টেট আইনে এই পরিবর্তন অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্টকে লাইসেন্সবিহীন ক্যানাবিস ব্যবসাগুলোর

বিরুদ্ধে দেওয়ানি শাস্তি মূল্যায়ন করার অনুমতি দেয় যা সবচেয়ে জঘন্য আচরণের জন্য তাদের দিনে 20,000 ডলার পর্যন্ত জরিমানা দিয়ে তাদের প্রচেষ্টার হার কমাবে। সেইসাথে এই আইন কোনও লাইসেন্স ছাড়া ক্যানাবিস এবং ক্যানাবিসজাত পণ্য বিক্রি করা অপরাধ বলে গণ্য করে।

উপরন্তু, এই আইন অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্টকে ক্যানাবিস এবং ক্যানাবিসজাত পণ্য বিক্রয়কারী ব্যবসার পাশাপাশি "স্টিকারের দোকান" এর মতো পরোক্ষভাবে ক্যানাবিস এবং ক্যানাবিসজাত পণ্য বিক্রি এবং বিতরণ করে এমন ব্যবসায় নিয়ন্ত্রণমূলক পর্যবেক্ষণ আয়োজনের ক্ষমতা দিয়ে শক্তিশালী করে। অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট লাইসেন্সবিহীন ব্যবসাগুলোর থেকে অপরিষ্কৃত ক্যানাবিস ও ক্যানাবিসজাত পণ্য বাজেয়াপ্ত করবে এবং আদালতের আদেশ, বন্ধ করার আদেশ এবং উপযুক্ত লাইসেন্স ব্যতীত ক্যানাবিস এবং ক্যানাবিসজাত পণ্য বিক্রি করছে এমন বাণিজ্যিক ভাড়াটিয়াদের সরাতে চাইবে।

উপযুক্ত কর প্রদান করা হয়েছে কিনা তা নির্ধারণের জন্য ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফিন্যান্স এখন ক্যানাবিস বিক্রয়কারী ব্যবসাগুলোর নিয়ন্ত্রণমূলক পর্যবেক্ষণের আয়োজন করতে পারবে এবং যেখানে উপযুক্ত কর প্রদান করা হয়নি সেখানে দেওয়ানি সাজা ধার্য করতে পারে। সেইসাথে আইনটি এমন ব্যবসার জন্য একটি নতুন কর জালিয়াতির অপরাধ তৈরি করে যারা ইচ্ছাপূর্বক আবশ্যিক ক্যানাবিসের কর সংগ্রহ বা পরিশোধ করতে ব্যর্থ হয় অথবা জেনেশুনে এমন ক্যানাবিস বিক্রির উদ্দেশ্যে রেখে দেয় যার জন্য কর দেওয়া আবশ্যিক হলেও তা দেওয়া হয়নি।

অফিস অফ ক্যানাবিস ম্যানেজমেন্টের নির্বাহী পরিচালক ক্রিশ অ্যালেক্সজেন্ডার বলেন, "আজ, স্টেট নিউ ইয়র্কবাসীর জনস্বাস্থ্য সুরক্ষিত করতে এবং আমাদের স্টেটের ক্রমবর্ধমান ক্যানাবিস শিল্পকে সমর্থন করতে একটি প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। আমি দেশে সবচেয়ে ন্যায্যসঙ্গত ক্যানাবিসের বাজার তৈরি করার জন্য নিজেদের প্রতিশ্রুতি তুলে ধরায় গভর্নর ক্যাথি হোকল, সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স এবং অ্যাসেম্বলি স্পিকার কার্ল হেস্টার প্রশংসা করি। আজকের আইন আমাদের আইনকে বিদ্রূপ করার চেষ্টা চালানো ব্যবসাগুলো বন্ধ করতে অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্টে সত্যিকারের ক্ষমতা দিয়ে সেই লক্ষ্য আরও এগিয়ে নিয়ে যাবে এবং নিশ্চিত করবে যে কমিউনিটিগুলোয় ডলার পুনঃবিনিয়োগের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তা হস্তগত হয়ে যায়নি।"

নিউ ইয়র্ক স্টেটের ট্যাক্সেশন ও ফাইন্যান্সের ভারপ্রাপ্ত কমিশনার আমান্ডা হিলার বলেন, "ক্যানাবিস শিল্পের সাথে সম্পর্কিত বলে করের আইন শক্তিশালী করে এবং বলিষ্ঠ ও ন্যায্য আইন প্রয়োগ ক্ষমতা দিয়ে শিল্পটিকে দীর্ঘমেয়াদে সফল হতে সাহায্য করবে।"

OCM আজ পর্যন্ত 165টি লাইসেন্স মঞ্জুর করেছে এবং এই মাসে ক্যানাবিস কন্ট্রোল বোর্ড মিটিং আরও মঞ্জুর করা হবে। স্টেটে [আটটি সফল ডিসপেনসারি](#) এবং একটি বিতরণের কার্যক্রম আসে, যার মধ্যে রয়েছে ম্যানহাটন ও কুইন্সে অলাভজনক সংস্থা, উদ্যোক্তা, এবং একটি মহিলা-মালিকানাধীন ব্যবসা, ইথাকা এবং শেনেক্টাডিতে উদ্যোক্তা, বিংহামটনে একটি অলাভজনক সংস্থা এবং আলবানিতে স্টেটের প্রথম বিতরণ ব্যবসা, আগামী কয়েক সপ্তাহ থেকে কয়েক মাসের মধ্যে আরও ডিসপেনসারি খুলবে। সমস্ত নিয়ন্ত্রিত, লাইসেন্সপ্রাপ্ত

ডিসপেনসারিকে অবশ্যই তাদের প্রধান প্রবেশদ্বারের কাছে [ডিসপেনসারি ভেরিফিকেশন টুল](#) পোস্ট করতে হবে।

18ই এপ্রিল, নিউ ইয়র্ক স্টেটে লাইসেন্সপ্রাপ্ত ডিসপেনসারিগুলো থেকে ক্যানাবিসের নিরাপদ, অবহিত, বৈধ ক্রয় প্রচার করার জন্য গভর্নর ক্যাথি হোকল ["Why Buy Legal New York \(হোয়াই বাই লিগ্যাল নিউ ইয়র্ক\)" চালু করার কথা ঘোষণা](#) করেন। এই গণশিক্ষার প্রচারাভিযানটি নিউ ইয়র্কে কীভাবে আইনসম্মত ডিসপেনসারি খুঁজে পাওয়া যায় বিষয়ে তথ্য এবং কীভাবে নিরাপদে ক্যানাবিস গ্রহণ করতে হয় বিষয়ে পরামর্শ সরবরাহ করবে। উপকরণগুলো যেখানে পাওয়া যায়: <https://cannabis.ny.gov/consumers>।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418